



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহা-পরিচালকের কার্যালয়
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

নং- ১৪.৩০.০০০০.২১৩.০৮.০০৬.১৭-৩০

তারিখঃ ১৭-০৪-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরী সংক্রান্ত।

প্রেষণে বিটিসিএল-এ কর্মরত টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে তার অনুকূলে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালা অনুযায়ী পবিত্র ওমরা পালনের জন্য বহিঃবাংলাদেশ (সৌদি আরব) ভ্রমণের অনুমতির জন্য আবেদনে উল্লিখিত তারিখ হতে অথবা ছুটি ভোগের তারিখ হতে তথায় গমন ও অবস্থানের অনুমতিসহ নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হলো।

- এ অনুমোদন কেবল মাত্র একবার ভ্রমণের ক্ষেত্রে প্রযোজ্য;
- আলোচ্য ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তিনি ব্যক্তিগত ভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকারের দেশীয় কিংবা বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না;
- মঞ্জুরীকৃত ছুটি কোন ক্রমেই বর্ধিত করা যাবে না;
- তারা অনুমোদিত ছুটিকালীন বেতন-ভাতাদি বাংলাদেশীয় মুদ্রায় গ্রহণ করবেন ;
- অনুমোদিত সময়ের মধ্যে তিনি যথানিয়মে দেশে ফিরে স্ব-পদে যোগদান করবেন।

ক্রঃ নং	কর্মচারীর নাম ও পদবী	কি কারণে এবং যে তারিখ হতে ছুটি চাওয়া হয়েছে।
১।	মোঃ কাইয়ুম টিসিটি (চঃদাঃ), ডিওটি প্রেষণে বিটিসিএলে কর্মরত।	পবিত্র ওমরা হজ্জ পালনের উদ্দেশ্যে সৌদি আরব ভ্রমণ, ২০-০৪-২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৪-০৫-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৭/৪/২০১৭
(মোঃ আব্দুল ওহাব)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৯৮৩০৯৩৩

নং- ১৪.৩০.০০০০.২১৩.০৮.০০৬.১৭-৩০

তারিখঃ ১৭-০৪-২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক (কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন, ঢাকা।
- ৪। বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তার ও দু'রালাপনী, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৭। উপ-পরিচালক (আইসিটি বাস্তবায়ন), ডিওটি, তেজগাঁও, ঢাকা (আদেশটি দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৮। জনাব মোঃ কাইয়ুম, টিসিটি (চঃদাঃ), শক্তি বিভাগ, বিটিসিএল, মিরপুর, ঢাকা।
- ৯। অফিস কপি।

১৭/৪/১৭
(মোঃ ফরহাদ হোসেন)
সহকারী প্রকৌশলী।